দৈনিক বাংলা

তারিখ ... ১১.৯.৯১ ... পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৩ ...

122

25

# চট্টগ্রামের শিক্ষা প্রতিষ্ঠানে আজ ধর্মঘট আহবান

।। বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ।।

চট্টগ্রাম, ১০ই সেপ্টেম্বর ।-চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ছাত্র শিবিরের অব্যাহত সন্ত্রাসের প্রতিবাদে সর্বদলীয় ছাত্রঐক্য এবং চাকসু- আগামীকাল চট্টগ্রাম নগরীর সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মঘট আহবান করেছে।

আজ বোলশহর রেল ষ্টেশনে সর্বদলীয় ছাত্র ঐক্যের এক সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে বক্তারা বলেন, যদি ক্যাম্পাস থেকে সন্ত্রাসী-

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রামের শিক্ষা

(প্রথম পৃঃ পর)

দের গ্রেফতার করা না হয় তা হলে আগামী ১২ই সেপ্টেম্বর থেকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ করে দেয়া হবে।

এদিকে ইসলামী ছাত্র শিবির আজ চট্টগ্রাম প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনের আয়োজন করে। এতে লিখিত বক্তব্য পাঠ করেন সংগঠনের সভাপতি হামিদুর রহমান আজাদ। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ে যখন শান্তিপূর্ণ অবস্থা বিরাজ করছে তখন চিহ্নিত সন্ত্রাসকারীরা অনির্দিষ্টকালের জন্য ধর্মঘট আহবান করেছে। এটি একটি সুপরিকল্পিত ষড়যন্ত্র ছাড়া আর কিছু নয়।